

ভর্তি

চুয়েট-কুয়েট-রুয়েটে ভর্তির পছন্দক্রম শুরু ১৬ জুলাই, ভর্তি ফি ১৮,৫০০

নিজস্ব প্রতিবেদক ঢাকা



চুয়েট-কুয়েট-রুয়েটে ভর্তির জন্য ফি ১৮ হাজার ৫০০ টাকা ছবি: প্রথম আলো

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট), খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এবং রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রুয়েট) ২০২২-২৩ শিক্ষাবর্ষের ভর্তির বিশ্ববিদ্যালয় ও বিভাগ পছন্দক্রম শুরু হচ্ছে আগামী ১৬ জুলাই। মেধাস্থানপ্রাপ্ত শিক্ষার্থীরা ওই দিন সকাল ৯টা থেকে প্রয়োজনীয় তথ্য পূরণ করে বিশ্ববিদ্যালয় ও বিভাগ পছন্দক্রম দিতে পারবেন। চুয়েট, কুয়েট ও রুয়েটের কেন্দ্রীয় ফলাফল কমিটির এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ১৬ জুলাই সকাল ৯টা থেকে <https://admissionckruet.ac.bd> - এর প্রয়োজনীয় তথ্য পূরণ করে বিশ্ববিদ্যালয় ও বিভাগের পছন্দক্রম দিতে হবে মেধাস্থানপ্রাপ্ত প্রার্থীদের। ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীরা ইঞ্জিনিয়ারিং বিভাগ, নগর ও অঞ্চলপরিকল্পনা বিভাগের জন্য ৩৯টি পছন্দসহ ১টি পছন্দক্রম এবং স্থাপত্য বিভাগের জন্য ৩টি পছন্দসহ আলাদা ১টি পছন্দক্রম পূরণ করতে পারবেন। শিক্ষার্থীরা চাইলে তথ্য ও পছন্দক্রম ২২ জুলাই (শনিবার) দুপুর ১২টা পর্যন্ত পরিবর্তন করতে পারবেন। তবে এরপর আর কোনো তথ্য বা পছন্দক্রম পরিবর্তন করতে পারবেন না শিক্ষার্থীরা। পূরণ করা ফরমের একটি কপি (প্রিন্টেড) ভর্তির সময় নিয়ে আসতে হবে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, ভর্তির কার্যক্রম চুয়েট, কুয়েট ও রুয়েট কেন্দ্রগুলোয় একযোগে অনুষ্ঠিত হবে। চুয়েট, কুয়েট ও রুয়েট কেন্দ্রে প্রথম পর্যায়ে ভর্তির জন্য ডাকা হয়েছে 'ক' গ্রুপে (ইঞ্জিনিয়ারিং, নগর ও অঞ্চলপরিকল্পনা বিভাগ) মেধাক্রম ১ থেকে ৩৫০০ এবং 'খ' গ্রুপে (ইঞ্জিনিয়ারিং, নগর ও অঞ্চলপরিকল্পনা এবং স্থাপত্য বিভাগ) ১ থেকে ১২০ পর্যন্ত। সশরীর ভর্তি কার্যক্রম চুয়েট, কুয়েট, রুয়েট কেন্দ্রে অনুষ্ঠিত হবে ২৩ জুলাই (রোববার) সকাল সাড়ে ৯টা থেকে বেলা সাড়ে ৩টা পর্যন্ত। যে প্রার্থী যে কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করেছেন, তাঁকে সেই কেন্দ্র থেকেই ভর্তির যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।

ভর্তি ফি

নিরীক্ষা কমিটি প্রার্থীদের সনদপত্র যাচাই করে জমা দেওয়ার পর ওই দিনই ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা করা হবে। পরের দিন (২৪ জুলাই) সকালে প্রাপ্ত বিশ্ববিদ্যালয় ও বিভাগ দেখে ভর্তির জন্য নির্ধারিত ফি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের ব্যাংকে বেলা ৩টার মধ্যে জমা দিতে হবে। তবে প্রার্থী চাইলে স্বাস্থ্য পরীক্ষা শেষে সেদিনই ভর্তির জন্য নির্ধারিত ফি ১৮ হাজার ৫০০ টাকা কর্তৃপক্ষের অনুমতিক্রমে ব্যাংকে জমা দিতে পারবেন।

এবার ভর্তি পরীক্ষার জন্য 'ক' গ্রুপ (ইঞ্জিনিয়ারিং বিভাগগুলো এবং নগর ও অঞ্চলপরিকল্পনা বিভাগ) এবং 'খ' গ্রুপ (ইঞ্জিনিয়ারিং বিভাগগুলো, নগর ও অঞ্চলপরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ) মিলিয়ে মোট ভর্তি পরীক্ষার যোগ্য বিবেচিত হয়েছিলেন ২৪ হাজার ৯৮০ জন। চলতি বছর রুয়েটে সংরক্ষিত (ক্ষুদ্র নৃগোষ্ঠী ও চট্টগ্রাম বিভাগের পার্বত্য জেলার অধিবাসীদের জন্য) ৫টি আসনসহ ৩টি অনুষদের অন্তর্গত ১৪টি বিভাগে সর্বমোট ১ হাজার ২৩৫ জন শিক্ষার্থী ভর্তি করা হবে। অপর দুটি বিশ্ববিদ্যালয় কুয়েট ও চুয়েটে তাদের নির্ধারিত আসন অনুযায়ী শিক্ষার্থী ভর্তি করবে।

চুয়েট, কুয়েট ও রুয়েট ভর্তির জন্য মোট আসনসংখ্যা ৩ হাজার ২৩১। ভর্তিসংক্রান্ত যাবতীয় তথ্য সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে পাওয়া যাবে।



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ২০২৩ প্রথম আলো